আল-হাসান এবং আল-হুসাইন হলেন জান্নাতবাসী যুবকদের সরদার”।

আবু সাঈদ আল-খুদরী রদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "আল-হাসান এবং আল-হুসাইন হলেন জান্নাতবাসী যুবকদের সরদার”।
[সহীহ] [এটি তিরিমিযী ও আহমাদ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম সংবাদ দিচ্ছেন যে, তার দু’জন নাতী আলী ইবনু আবু তালিব ও ফাতিমা বিনতে নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের ছেলে হাসান ও হুসাইন রাদিয়াল্লাহু আনহুম দু’জনই ফযীলতের দিক থেকে যারা যুবক অবস্থায় মারা যাবে এবং জান্নাতে প্রবেশ করবে তাদের সরদার হবে, অথবা তারা উভয় নবী ও রাশেদ খলীফা বাদে জান্নাতের সব যুবকের সরদার হবে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/11169